



## আচরণবিধি মানতে আগের চেয়ে বেশি সচেতন রাজনৈতিক দল: ইসি সানাউল্লাহ



সংগৃহীত ছবি

নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) আবুল ফজল মো. সানাউল্লাহ বলেছেন, অতীতের তুলনায় এখন রাজনৈতিক দলগুলো নির্বাচন আচরণবিধি মেনে চলার বিষয়ে অনেক বেশি সতর্ক।

সোমবার (২৬ জানুয়ারি) বিকেলে লক্ষ্মীপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আইনশৃঙ্খলা রক্ষাকারী সেল ও ভিজিলেন্স-অবজারভেশন টিমের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ কথা জানান।

তিনি বলেন, সুষ্ঠু নির্বাচনের প্রধান শর্ত হলো স্থিতিশীল আইনশৃঙ্খলা পরিস্থিতি। পরিবেশ ভালো থাকলে ভোটারদের কেন্দ্রে যাওয়ার আগ্রহ বাড়ে। গ্রাম পুলিশ, আনসার ও ভিডিপি সদস্যরা স্থানীয় অবস্থা সম্পর্কে সবচেয়ে ভালো জানেন—তাদের তথ্য-উৎস কার্যকরভাবে কাজে লাগানোর নির্দেশ দেন তিনি। পাশাপাশি জোর দিয়ে বলেন, ভোট অবশ্যই লাইভ ভেরিফিকেশনের মাধ্যমে দিতে হবে; যাচাই ছাড়া কোনো ব্যালট গণনায় ধরা হবে না।

লক্ষ্মীপুর জেলা প্রশাসক এস এম মেহেদী হাসানের সভাপতিত্বে সভায় বিজিবি, পুলিশ, সেনাবাহিনী ও জেলা প্রশাসনের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।